আজকের কাগজ

তারিখ 23 MAY 1992
পৃষ্ঠা ৬ কলাম ৪

১৩

১৩১

# সিদ্ধিরগঞ্জে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ব্যাহত

উন্নয়ন ও সংস্কারের অভাবে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। ফলে দিন দিন ছাত্র-ছাত্রীদের সংখ্যা হ্রাস পাচ্ছে।

সিদ্ধিরগঞ্জে মোট ২০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ১০টি এবতেদায়ী মাদ্রাসা ও ৫টি ফোরকানিয়া মাদ্রাসা রয়েছে। বিদ্যালয়গুলোর অবস্থা খুবই শোচনীয়। স্থান সংকুলান না হওয়ায় একই কক্ষে একাধিক ক্লাস চালানো হয়। সামান্য বৃষ্টিতেই ছাদ অথবা টিনের চাল দিয়ে পানি পড়ে। অনেক দিন যাবত ঘরের চালার টিন না বদলাবার কারণে টিনগুলো ফুটো হয়ে ঝাঝরা হয়েছে। বিদ্যালয়ে বেঞ্চের অভাবে ছাত্র-ছাত্রীদের দাঁড়িয়ে ক্লাস করতে হয়।

অধিকাংশ বিদ্যালয়ে শুধু অফিস কক্ষে একটি টেবিল ও ৩/৪ টি চেয়ার ছাড়া আর কোনো ক্লাস রুমেই চেয়ার টেবিল নেই। প্রয়োজনীয় আবসাবপত্র, শিক্ষা উপকরণও কোনো বিদ্যালয়ে নেই। অধিকাংশ বিদ্যালয়ে শৌচাগার ও খাবার পানির জন্যে টিউবওয়েল নেই। কোনো কোনো বিদ্যালয়ে দরজা জানালা ও বেড়া নেই। ফলে বর্ষাকালে ক্লাস করতে ভীষণ অসুবিধার সৃষ্টি হয়। কোনো কোনো বিদ্যালয়ে শিক্ষকের অভাব রয়েছে।

মাদ্রাসা গৃহের অবস্থা আরো শোচনীয়। কোনো কোনো মাদ্রাসা টিনসেট দিয়ে তৈরি। ফলে ঝড়ের দিনে ফুটো দিয়ে পানি পড়ে। অধিকাংশ মাদ্রাসার ক্লাস খোলা আকাশের নিচেই চলে। বিদ্যালয়গুলোর ন্যায় মাদ্রাসাগুলোতেও অনুরূপ সমস্যা বিদ্যমান। কোনো কোনো মাদ্রাসা দান খয়রাতের অর্থ দিয়েই পরিচালিত হয়। সিদ্ধিরগঞ্জ থেকে সংবাদদাতা।